

তাকে যেতে দাও

কেন যে রঙিন কাচে ঢেকে রাখো
স্তাবকের মুখ
কেন তাকে স্বপ্নহীন দাসত্ব শেখাও
জয়চণ্ডী পাহাড়ের দিকে
সে যখন একা একা হাঁটে
কেন তাকে শৌখিন শরীর নিয়ে ডাকো
নিপুণ সোহাগে
কেন তাকে হাঁটুজলে শেখাও সাঁতার

যদি পারো দাও কিছু স্বাধীনতা
অভিজ্ঞান
ঘাসফুল নদীর ঠিকানা
মেঘ বৃষ্টি ঝড়ের আড়ালে
দাও কিছু হাওয়ার হৃদিস

যদি তাকে যেতেই না দাও
পুনর্জন্ম লোভে
কিভাবে সে আত্মঘাতী হবে
নিজস্ব ভূমিকে নিয়ে
কিভাবে দাঁড়াবে
স্থির মঞ্চের ওপরে

মৃগাল বসুচৌধুরী

